52

দৈনিক ইনকিলাব

তারিখ 31 DEC 1993
পৃষ্ঠা ৪ কলাম ২

-ইনকিলাব

টঙ্গিতে নাগরিক অধিকার বাস্তবায়ন পরিষদের সেমিনার

# রাজনীতির নামে শিক্ষাঙ্গন রণক্ষেত্র জাতি সুশিক্ষা থেকে বঞ্চিত

।। গাজীপুর সংবাদদাতা ।।

টঙ্গিতে 'শিক্ষাই জাতির উন্নতির চাবিকাঠি' শীর্ষক আলোচনা সভায় বক্তাগণ বলেছেন, দেশের শিক্ষা ক্ষেত্রে আজ অরাজকতা চলছে, ছাত্র রাজনীতির নামে শিক্ষাঙ্গনকে রণক্ষেত্রে পরিণত করা হয়েছে। জাতির ভবিষ্যৎ ছাত্র সমাজকে রাজনীতির হাতিয়ার হিসেবে ব্যবহার করে তাদের ধ্বংসের মুখে ঠেলে দেয়া হচ্ছে। এটা জাতির জন্য এক অশুভ পরিণতি ডেকে আনবে। তারা বলেন, জাতি আজ সুশিক্ষা থেকে বঞ্চিত।

গত ২৬ ডিসেম্বর টঙ্গী পৌর নাগরিক অধিকার বাস্তবায়ন পরিষদের উদ্যোগে আয়োজিত কৃতী ছাত্রের সম্বর্ধনা ও শিক্ষাই জাতির উন্নতির চাবিকাঠি শীর্ষক এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশিষ্ট শিক্ষাবিদ ও রাজনীতিবিদ জনাব আলহাজ্ব হাসান উদ্দিন সরকার। জনাব আশরাফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আলোচনায় অংশগ্রহণ করেন বিশিষ্ট সাংবাদিক জনাব [illegible]শরফ খান, স্থানীয় আওয়ামী লীগ নেতা এডভোকেট আজমত উল্যাহ খান, জামায়াত নেতা আবদুর রাজ্জাক খান, ডাঃ জয়নাল আবেদীন, সাবেক পৌর কমিশনার আবুল হোসেন, পৌর নাগরিক অধিকার বাস্তবায়ন পরিষদের সাধারণ সম্পাদক সাংবাদিক মুহাম্মদ আবদুল্লাহ, সাংবাদিক মাহবুবুল আলম, মাহবুব কবীর, ছাদেক মোল্লা প্রমুখ। সভার প্রথম পর্বে কৃতী ছাত্র জিল্লুর রহমানকে সম্বর্ধনা জ্ঞাপন করে পুরস্কৃত করা হয়। জিল্লুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯৩ সালে ইসলামিক স্টাডিজে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করে। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে জনাব হাসান উদ্দিন সরকার বলেন, 'দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টিতে সরকার ব্যর্থ হয়েছে। প্রকাশ্য দলনীতির কারণে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নষ্ট হয়ে গেছে। দেশ মেধাশূন্য হয়ে পড়ছে। সুষ্ঠু পরিবেশের অভাবে মেধাবী শিক্ষার্থীরা বিদেশে পাড়ি জমাচ্ছে।

সভায় দু'বছরেও টঙ্গী পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত না হওয়ায় ক্ষোভ প্রকাশ করে অবিলম্বে পৌর নির্বাচনের তারিখ ঘোষণাসহ পৌর এলাকার সকল সমস্যা সমাধানের দাবী জানানো হয়।